



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৬ মার্চ ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

**ইউপিডিএফ নেতা নবায়ন চাকমার হত্যার প্রতিবাদে
২০ মার্চ খাগড়াছড়িতে আধা বেলা সড়ক অবরোধের ডাক**

খাগড়াছড়ির দীঘিনালায় ইউপিডিএফ নেতা নবায়ন চাকমা মিলন (যিনি সৌরভ নামে সহযোদ্ধাদের মধ্যে অধিক পরিচিত) হত্যা ও মহালছড়িতে পাহাড়ীদের নির্মিত বাড়িঘরে অগ্নিসংযোগের প্রতিবাদে ইউপিডিএফ খাগড়াছড়ি জেলা ইউনিট ও তার সহযোগী সংগঠনসমূহ আগামী রবিবার, ২০ মার্চ ২০২২, ভোর ৬টা থেকে দুপুর ১২টা পর্যন্ত খাগড়াছড়ি জেলায় আধা বেলা শান্তিপূর্ণ সড়ক অবরোধের ডাক দিয়েছে।

আজ বুধবার, ১৬ মার্চ ২০২২, পার্টি ও সংগঠনগুলোর অনুষ্ঠিত এক জরুরী সমন্বয় সভায় গৃহীত উক্ত সিদ্ধান্তের খবর সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে জানানো হয়েছে।

বিবৃতিতে নিহত সৌরভ চাকমার প্রতি সম্মান ও শ্রদ্ধা জানিয়ে উক্ত শান্তিপূর্ণ অবরোধ সফল করতে বাস, ট্রাক, জীপ, সিএনজি, টমটম মালিক-চালক ও শ্রমিক সংগঠনসহ সংশ্লিষ্ট সকলের প্রতি সনির্বন্ধ অনুরোধ জানানো হয়েছে।

তবে বিবৃতিতে জরুরী ফায়ার সার্ভিস, এ্যাম্বুলেন্স ও শববাহী গাড়ি, জরুরী ঔষধ সরবরাহকারী ও সংবাদপত্র বহনকারী যান, সংবাদ সংগ্রহের কাজে ব্যবহৃত সাংবাদিকদের গাড়ি এই অবরোধের আওতামুক্ত থাকবে বলে উল্লেখ করা হয়েছে।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।